ইত্তেফাক

তারিখ ২৭।১২।৮১

পৃষ্ঠা ..... কলাম .....

046

326

দুই প্রধান শিক্ষয়িত্রীর বিরোধ

# ৬১ জন ছাত্রী এসএসসি পরীক্ষা দিতে পারিবে কি ?

সিরাজগঞ্জ (পাবনা), ২৫শে ডিসেম্বর (নিজস্ব সংবাদদাতা)— স্থানীয় হৈমবালা বালিকা বিদ্যালয়ের দশম শ্রেণীর ৬১ জন ছাত্রীর সফলকেই টেষ্ট পরীক্ষা ছাড়াই আগামী এসএসসি পরীক্ষার জন্য মনোনীত বলিয়া ঘোষণা করা হইয়াছে। কিন্তু মনোনীত হওয়া সত্বেও ছাত্রী ও তাহাদের অভিভাবকদের দুশ্চিন্তা কাটে নাই।

উল্লেখ্য, উক্ত বিদ্যালয়ের দুইজন প্রধান শিক্ষয়িত্রীর ক্ষমতার দখল লইয়া হাইকোর্টে পরস্পর

(৪র্থ পৃঃ দ্রঃ)

বিরোধী মামলা দায়ের করা হয়। এই মামলার ফলে দীর্ঘ এক বৎসর যাবৎ বিদ্যালয়টিতে কোন ক্লাশ হয় নাই।

সম্প্রতি মহকুমা প্রশাসক এবং স্কুল পরিচালনা কমিটি প্রধান শিক্ষয়িত্রী আনোয়ারা খাতুনকে স্কুল পরিচালনার দায়িত্ব অর্পণ করেন। কিন্তু অন্য প্রধান শিক্ষয়িত্রী হাইকোর্টের অন্তর্বর্তীকালীন নিষেধাজ্ঞা পাইয়া ১লা ডিসেম্বর আবার নূতন করিয়া দায়িত্ব প্রাপ্ত হন। এই খবর পাইয়া প্রধান শিক্ষয়িত্রী আনোয়ারা খাতুন স্কুল কক্ষগুলি ও অফিসে তালা দিয়া স্কুল ত্যাগের পূর্বে তিনি এই মর্মে নোটিস প্রদান করেন যে, দশম শ্রেণীর সকল ছাত্রীকেই এসসসি পরীক্ষার জন্য মনোনীত করা হইল।

টেষ্ট পরীক্ষা গ্রহণ করা ছাড়াই ছাত্রীদের মনোনীত করায় যে প্রধান শিক্ষয়িত্রী হাইকোর্টের আদেশ পাইয়া দায়িত্ব গ্রহণ করিতে যাইতেছেন। তিনি এই সিদ্ধান্ত মানিয়া নিবেন কিনা সে ব্যাপারে সংশ্লিষ্ট ছাত্রী ও অভিভাবকগণ দুশ্চিন্তাগ্রস্ত।